দৈনিক সংবাদ

তারিখ 21 FEB 1995
পৃষ্ঠা ১ কলাম ২

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# হল সংসদগুলো চলছে 'ভারপ্রাপ্ত'দের নেতৃত্বে মূল নেতাদের বেশিরভাগই ক্যাম্পাসে অনুপস্থিত

।। হাফিজুর রহমান কার্জন ।। ১৯৯০ সালের ৬ই জুন ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের ১৪টি হল সংসদ নির্বাচনে যারা ভিপি, জিএস এবং এজিএস নির্বাচিত হয়েছিলেন তাদের প্রায় সকলেই এখন চাকরি বা ব্যবসা করেন। দু'তিনজন ছাড়া সকলের ছাত্রত্ব অনেক আগেই চলে গেছে। ঐ সময় ভিপি কিংবা জিএস হিসেবে নির্বাচিত যে সকল ছাত্রনেতা এখনও ছাত্র রাজনীতির সঙ্গে জড়িত আছেন তাদের সঙ্গে আলাপ করে ওপরের তথ্য জানা গেছে। তারা জানান, মুহসীন হলের ভিপি পদে নির্বাচিত হয়েছিলেন শাহজাহান হাওলাদার সুজন। তিনি এখন জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির তথ্য ও গবেষণা সম্পাদক। ইতিমধ্যেই তিনি সংসদ উপনির্বাচনে ব্রাহ্মণবাড়িয়া থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। জিএস পদে নির্বাচিত হয়েছিলেন সাঈদ সোহরাব। তিনি গত বছর ছাত্রদল থেকে বহিস্কৃত হন। এজিএস পদে নির্বাচিত হয়েছিলেন কামরুল ইসলাম সজল। ছাত্রদল থেকে বহিস্কৃত হবার পর তিনি ছাত্রলীগে (শা-পা) যোগ দেন এবং ছাত্রলীগ (শা-পা) থেকেও বহিস্কৃত হন। এখন তাকে ক্যাম্পাসে দেখা যায় না।

সার্জেন্ট জহরুল হক হলের ছাত্র সংসদে ছাত্রলীগ (শা-পা) পূর্ণ প্যানেলে জয়ী হয়। ভিপি নির্বাচিত হন মঞ্জুরুল আলম টোকন। তিনি এখন ছাত্র রাজনীতির সঙ্গে জড়িত নন এবং ক্যাম্পাসেও তাকে দেখা যায় না।

জিএস নির্বাচিত হন মাছুম আহমেদ। তিনি এখন ছাত্রলীগের (মি-শ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এবং হলে অবস্থান করেন। এজিএস নির্বাচিত হন মিজানুর রহমান আরজু। তিনি এখন ব্যবসা করেন বলে জানা গেছে। সূর্যসেন হলের ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়ী হয়। ভিপি নির্বাচিত হন গোলাম মর্তুজা। তিনি এখন ব্যবসা করেন। জিএস হিসেবে নির্বাচিত আবু সাঈদও এখন ব্যবসায়ী। এজিএস হিসেবে নির্বাচিত হন নূরুল ইসলাম খান খসরু। তিনি এখন চাকরি করেন। জিয়াউর রহমান হলের হল সংসদ ঃ পৃঃ ৬ কঃ ৬

## হল সংসদ ঃ চলছে ভারপ্রাপ্তদের দিয়ে

( ১ম পৃষ্ঠার পর )

ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়লাভ করে। ভিপি হিসেবে নির্বাচিত হন মনোয়ার হোসেন রানা। তিনি এখন ছাত্রদলের কেন্দ্রীয় সংসদের অর্থ সম্পাদক। জিএস হিসেবে নির্বাচিত হন আনোয়ারুল ইসলাম। তিনি এখন ব্যবসা করেন। এজিএস হিসেবে নির্বাচিত হন গোলাম সারোয়ার অপু। তিনি এখন দেশের বাইরে বলে জানা গেছে।

বঙ্গবন্ধু মুজিবুর রহমান হলে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়লাভ করে। ভিপি পদে নির্বাচিত হন নূরুল ইসলাম বাবু। অনেক আগেই তিনি ক্যাম্পাস ছেড়ে চলে গেছেন। জিএস পদে নির্বাচিত পারভেজ এখন চাকরি করেন। এজিএস পদে নির্বাচিত হন শাহীন। তিনি এখন চাকরি করেন।

জগন্নাথ হল ছাত্র সংসদের নির্বাচনে ছাত্রলীগ (শা-পা) পূর্ণ প্যানেলে জয়ী হয়। ভিপি নির্বাচিত হন সুভাষ সিংহ রায়। তাকে এখনও ক্যাম্পাসে দেখা যায়। জিএস নির্বাচিত হন বিমল মল্লিক। তিনি এখন চাকরি করছেন। এজিএস নির্বাচিত হন সুজিত রায় নন্দী। তিনি এখন ছাত্রলীগ (শা-পা) রাজনীতির সঙ্গে যুক্ত।

কবি জসীমউদ্দীন হল ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়লাভ করে। ভিপি পদে এরশাদুল হক এবং জিএস পদে এম, এ জামান নির্বাচিত হন। দীর্ঘদিন আগেই তারা ক্যাম্পাস ছেড়ে চলে যান। এজিএস পদে নির্বাচিত হাবিবুল ইসলাম এখন চাকরি করছেন।

ফজলুল হক হল ছাত্র সংসদ নির্বাচনে পূর্ণ প্যানেলে জয়ী হয় ছাত্রদল। ভিপি পদে খন্দকার আবু আশফাক, জিএস পদে রফিকুল ইসলাম বকুল এবং এজিএস পদে মুস্তাক নির্বাচিত হন। দীর্ঘদিন আগেই তারা ক্যাম্পাস ছেড়ে চলে গেছেন।

শহীদুল্লাহ হল ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়ী হয়। ভিপি পদে নির্বাচিত হন আখতারুজ্জামান খোকন। তিনি এখন ব্যবসা করেন। জিএস পদে নির্বাচিত মনির হোসেন দীর্ঘদিন আগেই পড়াশোনার পাট চুকিয়ে দিয়েছেন বলে জানা গেছে।

স্যার সলিমুল্লাহ হল ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়লাভ করে। ভিপি নির্বাচিত হন ইকবাল রশীদ অপু। তিনি এখন ব্যবসা করেন। জিএস নির্বাচিত হন মঞ্জুর-ই-ইলাহী। তিনি এখন জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় নেতা।

কুয়েত মৈত্রী হলে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়ী হয়। ভিপি নির্বাচিত হন তাহমিনা আখতার টফি। তিনি এখন ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের সমাজ কল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের শিক্ষিকা। জিএস পদে নির্বাচিত নিপু এখন চাকরি করেন।

রোকেয়া হল ছাত্রী সংসদে ছাত্রদল পূর্ণ প্যানেলে জয়ী হয়। ভিপি নির্বাচিত হন শিরীন সুলতানা। পড়াশোনার পাট চুকিয়ে তিনি এখন পুরোমাত্রায় গৃহিণী। জিএস নির্বাচিত হন শাহানা আক্তার শানু। তিনি এখন ছাত্রদলের কেন্দ্রীয় কমিটির ছাত্রী বিষয়ক সম্পাদিকা।

শামসুন্নাহার হল ছাত্রী সংসদের নির্বা-চনে ছাত্রলীগ (শা-পা) থেকে ভিপি পদে নির্বাচিত হন আইরিন পারভীন বাঁধন। তিনি এখন চাকরি করছেন।

স্যার, এ, এফ রহমান হলের ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল থেকে ভিপি পদে নির্বাচিত হন আবু সাঈদ। তিনি এখন ব্যবসা করেন।

উল্লেখ্য, ১৯৯০ সালের ডাকসু নির্বাচনে ছাত্রদলের প্যানেল থেকে যারা বিভিন্ন হল ছাত্র সংসদের নির্বাচনে ভিপি, জিএস, এজিএস নির্বাচিত হন তাদের অনেকে ঐ বছরই নিরু, অভির সঙ্গে ছাত্রদল থেকে বহিস্কৃত হন। ক্ষমতার পটপরিবর্তনের পর অভি গ্রুপ বলে পরিচিত ভিপি, জিএস'রা ক্যাম্পাস ছেড়ে যান।

১৪টি হলের ভিপি, জিএস ও এজিএসদের প্রায় সকল সদস্য ক্যাম্পাস ত্যাগ করায় ভারপ্রাপ্তরা হল সংসদের কাজ চালাচ্ছেন। ফলে ছাত্রছাত্রীদের এক্সট্রা কারিকুলাম এ্যাকটিভিটিজ দারুণভাবে বিঘ্নিত হচ্ছে। '৯০ সালের পর দু'বার ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠানের উদ্যোগ নেয়। কিন্তু একটি শক্তিশালী ছাত্রসংগঠনের নেতি-বাচক ভূমিকার জন্য ডাকসু ও হল সংসদের নির্বাচন হয়নি।

## না'গঞ্জ ঃ পিটিয়ে হত্যা

( ১ম পৃষ্ঠার পর )

রূপগঞ্জের বাসা থেকে ডেকে নিয়ে যায়। পরে তাকে বেদম মারপিট করা হলে তিনি আহত হন। গুরুতর আহত অবস্থায় তাকে ঢাকার পঙ্গু হাসপাতালে ভর্তি করা হলে গতকাল সোমবার সকালে তার মৃত্যু হয়।